# ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৬

## প্রতিযোগিতা নির্দেশিকা

## টপিক: ফুড ডিজাইন

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) হল একটি বৈশ্বিক আয়োজন যেখানে শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীরা বিভিন্ন উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস ও পুষ্টি সচেতনতা সৃষ্টির লক্ষ্যে নিজ অভিজ্ঞতা, পুষ্টি সম্পর্কিত চিন্তাধারা ও চ্যালেঞ্জ প্রকাশ করার এবং কার্যকর সমাধান খুঁজে পেতে পারে। ২০১৭ সাল থেকে বিআইআইডি ফাউন্ডেশন বিভিন্ন সরকারি-বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে। বিদ্যমান পুষ্টি খাতের প্রতিবন্ধকতা সমূহের টেকসই সমাধানের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে। INO ২০২৬ এর মূল প্রতিপাদ্য **'উন্নত পুষ্টির জন্য বেসরকারি খাতের ভূমিকাঃ** সকলের জন্য পুষ্টি নিশ্চিতকরণে ব্যবসা পরিবেশ উন্নয়ন এবং উদ্যোক্তাদের দায়িত্বশীলতা ও সক্ষমতা বৃদ্ধি"। এই লক্ষ্য অর্জনে INO ২০২৬ তরুণ, সরকার, বেসরকারি খাত, নীতিনির্ধারক এবং উন্নয়ন সহযোগী প্রতিনিধিদের একত্রিত করবে। নবম ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) আগামী ১১-১২ ডিসেম্বর, ২০২৬ তারিখে ঢাকা, বাংলাদেশে অনুষ্ঠিত হবে।

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৬ এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা ও প্রদর্শনীর আয়োজন করা হবে যেখানে 'ফুড ডিজাইন প্রতিযোগিতা'সহ মোট ১৫ টি প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ রয়েছে। শিশু, কিশোর-কিশোরী, তরুণ-তরুণী এবং প্রাপ্তবয়স্কদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে। ১১ থেকে ২৪ বছর বয়সসীমার মধ্যে যে কেউ 'ফুড ডিজাইন প্রতিযোগিতায়' অংশগ্রহণ করতে পারবে। 'ফুড ডিজাইন প্রতিযোগিতায়' অংশগ্রহণের নির্দেশিকা নীচে দেয়া হলঃ

### ফুড ডিজাইন প্রতিযোগিতা কী:

ফুড ডিজাইন প্রতিযোগিতা মূলত খাদ্য ও নকশার মধ্যে একটি মেলবন্ধন; যেখানে অংশগ্রহণকারীরা কোনো নির্দিষ্ট বিষয় বা থিমের ওপর ভিত্তি করে খাদ্য উপাদান ব্যবহার করে নকশা বা ডিজাইন তৈরি করে। নকশাটির যৌক্তিকতা প্রমাণের জন্য এতে পুষ্টি বিষয়ক একটি জোরালো বার্তা থাকতে হবে।

### বয়সসীমা:

| গ্রুপ ক | গ্রুপ খ |
|---|---|
| ১১-১৮ | ১৯-২৪ |

**প্রতিপাদ্য বিষয়ঃ প্রাথমিক বাছাই পর্ব (পরবর্তী রাউন্ডের বিষয় প্রাথমিক বাছাইয়ে উত্তীর্ণদের জানানো হবে)।**

**গ্রুপ ক:** ফিউশন ফুড, পারফেক্ট পুষ্টি: সুস্থ বিকাশে স্থানীয় উদ্যোগে স্বাস্থ্যকর খাবার

**গ্রুপ খ:** জেন-জি প্লেটস: কর্মব্যস্ত তরুণদের লাইফস্টাইলে মানানসই স্মার্ট ফুড ডিজাইন

**যোগ্যতা:**

- অংশগ্রহণকারীদের অবশ্যই INO ২০২৬ ওয়েবসাইট (www.nutritionolympiad.net) থেকে রেজিস্ট্রেশন ফর্মটি পূরণ করতে হবে এবং রেজিস্ট্রেশনের সময় 'ফুড ডিজাইন প্রতিযোগিতা' কম্পিটিশন' করতে হবে।
- নির্দিষ্ট বয়সসীমার মধ্যে যে কেউ এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
- এই প্রতিযোগিতায় একক ভাবে অথবা দলগতভাবে (সর্বোচ্চ ৩ জন সদস্য নিয়ে) প্রতিযোগী অংশগ্রহণ করতে পারবেন।
- অংশগ্রহণকারী (বা অভিভাবক) অথবা প্রতিষ্ঠানের নুন্যতম তথ্য প্রযুক্তি সুবিধা থাকতে হবে (ফোন, ই-মেইল বা হোয়াটসঅ্যাপ এবং জুম অ্যাকাউন্ট)

**নিবন্ধন:**

সকল অংশগ্রহণকারীকে INO ২০২৬ -এর নির্ধারিত ওয়েবসাইটে নিবন্ধন করতে হবে। INO ২০২৬ এর ওয়েবসাইটে (www.nutritionolympiad.net) গিয়ে নিবন্ধনের লিঙ্কে ক্লিক করুন এবং প্রতিযোগিতার ক্ষেত্রে ‘ফুড ডিজাইন প্রতিযোগিতা’ নির্বাচন করুন।

**নিবন্ধনের শেষ তারিখ:** আগস্ট ৩১, ২০২৬ (রাত ১১টা, ঢাকা সময়)

**জমা দেওয়ার শেষ সময়সীমা:** সেপ্টেম্বর ৩০, ২০২৬ (রাত ১১টা, ঢাকা সময়)

**ফুড ডিজাইন (খাদ্য-নকশা) প্রতিযোগিতার নির্দেশিকা:**

**১.অংশগ্রহণকারীর তথ্য:**

নাম, বয়স, পদবি, প্রতিষ্ঠান, ঠিকানা, যোগাযোগের নম্বর এবং ইমেইল।

**২.ফুড ডিজাইন তৈরির নির্দেশাবলী:**

- ফুড ডিজাইনটি অবশ্যই উল্লিখিত বিষয়বস্তুর সাথে সম্পর্কিত হতে হবে এবং নিচের বিষয়গুলো বিবেচনায় রাখতে হবে।
- প্রতিটি অংশগ্রহণকারী একটি সুনির্দিষ্ট বিষয়বস্তু বা থিমসহ কেবল একটি ডিজাইন জমা দিতে পারবেন। এর সাথে ১৫০ শব্দের একটি বিবরণ থাকতে হবে, যেখানে ডিজাইনের তাৎপর্য, নির্বাচিত উপকরণ ব্যবহারের কারণ, উপকরণের অনুপাত এবং ডিজাইনের মূল পুষ্টিবার্তা ব্যাখ্যা করতে হবে।
- পুরো ডিজাইন বা নকশাটি এমন হতে হবে যেন তা কোনো ফাঁক বা বিরতি ছাড়া একটিমাত্র অবিচ্ছিন্ন রেখা বা লাইনের মাধ্যমে তৈরি করা হয়।
- ডিজাইনটি ন্যূনতম ৮”×১১” (A4 সাইজ) থেকে সর্বোচ্চ ১৮”×২৪” আয়তনের মধ্যে ছোট ছোট প্যাটার্ন বা নকশা ব্যবহার করে করা যেতে পারে।
- ডিজাইনটি কাঠের বোর্ড, কার্ডবোর্ড, ট্রে, কাঁচের পাত (glass sheet), শক্ত চার্ট পেপার বা নকশা ধরে রাখতে সক্ষম এমন যেকোনো পৃষ্ঠতলের ওপর করা যেতে পারে।
- খাদ্য উপাদান এবং সংশ্লিষ্ট সামগ্রী কেবল ডিজাইন তৈরির কাজেই ব্যবহার করতে হবে।
- চূড়ান্ত প্রতিযোগিতার দিন অংশগ্রহণকারীদের নিজেদেরই প্রয়োজনীয় উপকরণ সঙ্গে আনতে হবে। ডিজাইন তৈরির জন্য ৪০ মিনিট এবং তা ব্যাখ্যা করার জন্য ৫ মিনিট সময় দেওয়া হবে।

**৩.ফরম্যাটিং বা বিন্যাস:**

**শব্দসীমা:** ১৫০ শব্দ (ফুড ডিজাইন বাদে); ফুড ডিজাইনটি আলাদাভাবে সংযুক্ত (annex) করা যেতে পারে।

**ফন্ট**: Gill Sans MT (ইংরেজি) অথবা কালপুরুষ (বাংলা)।

**ফন্টের আকার:** ১২; কোনো বিশেষ ফরম্যাটিং ছাড়া সাধারণ লেখা (plain text); A4 সাইজের কাগজ।

**মার্জিন**: বাম দিকে ৪ সেমি; ডান দিকে ৩ সেমি; উপরে ৩ সেমি; নিচে ৩ সেমি।

**৪.ভাষা**: বাংলা অথবা ইংরেজি।

**৫.জমা দেওয়া ও নির্বাচন প্রক্রিয়া:**

**প্রাথমিক নির্বাচন:**

- অংশগ্রহণকারীরা এককভাবে অথবা দলগতভাবে (সর্বোচ্চ ৩ জন সদস্য) প্রতিযোগিতায় অংশ নিতে পারবেন।
- অংশগ্রহণকারীরা সরাসরি গুগল ফর্ম বা ইমেইলের মাধ্যমে বিবরণসহ ডিজাইন জমা দিতে পারবেন।
- শিক্ষা প্রতিষ্ঠানগুলো নিজ নিজ প্রতিষ্ঠানে প্রাথমিক প্রতিযোগিতার আয়োজন করে সেরা ডিজাইনগুলো (সর্বোচ্চ ৫টি) নির্বাচন করতে পারবে এবং অংশগ্রহণকারীর নাম, বয়স ও স্কুলের নামসহ INO-এর ওয়েবসাইটে থাকা গুগল ফর্মে অথবা ইমেইলে জমা দিতে পারবে।
- প্রতিটি বয়স-বিভাগ থেকে ৫ জন অংশগ্রহণকারীকে INO ২০২৬-এ আমন্ত্রণ জানানো হবে।

**চূড়ান্ত বাছাই:**

- প্রতিটি বিভাগের শীর্ষ ৫ জন অংশগ্রহণকারীকে (দল বা ব্যক্তি) INO ২০২৬-এর চূড়ান্ত পর্বে সশরীরে উপস্থিত হয়ে তাদের ফুড ডিজাইন বা খাদ্য-নকশা প্রস্তুত করার জন্য আমন্ত্রণ জানানো হবে এবং প্রতিটি বিভাগ থেকে সেরা ডিজাইনটিকে বিজয়ী হিসেবে ঘোষণা করা হবে।

**স্কোরঃ:**

| ক্রমিক নং | মানদণ্ড | নম্বর |
|---|---|---|
| ১ | বিষয়বস্তু উপস্থাপন | ৩০ |
| ২ | ব্যবহৃত উপকরন | ২৫ |
| ৩ | পুষ্টি বিষয়ক বার্তা | ২৫ |
| ৪ | সাজসজ্জা | ১০ |
| ৫ | নিয়মকানুন অনুসরন | ১০ |
| **মোট** | | **১০০** |

**যোগাযোগ:**

‘ফুড ডিজাইন প্রতিযোগিতা’ সংক্রান্ত যেকোনো জিজ্ঞাসার জন্য যোগাযোগ করুন ফোন: +8801782510089 অথবা ই-মেইল: ino@biid.org.bd।

**বিশেষ দ্রষ্টব্য:**

- কোনো ধরনের অসদুপায় অবলম্বনের চেষ্টা করলে তা অযোগ্য বলে গণ্য হবে।
- বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- চূড়ান্ত পর্বে প্রতিটি গ্রুপ থেকে সেরা ডিজাইনটিকে ‘ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৬’-এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ী হিসেবে ঘোষণা করা হবে।

- নির্বাচিত ফুড ডিজাইনের ছবি/ভিডিও INO এবং BIID ফাউন্ডেশনের ওয়েবসাইটে আপলোড করা হবে।

**একজন অংশগ্রহণকারী বা একটি গ্রুপ সর্বোচ্চ ৩টি (তিনটি) প্রতিযোগিতার জন্য আবেদন করতে পারবে।**